

ফতওয়া নং ২৭৫

প্রশ্ন:

কবরস্থানের টাকা মসজিদের কাজে লাগানো যাবে কি না বিস্তারিত জানালে উপকৃত হবো।

উত্তর:

ওয়াকফকৃত কবরস্থানের টাকা যদি কবরস্থানেরই কোনো (বাউন্ডারি ইত্যাদি) প্রয়োজনে ব্যয় করা সম্ভব হয়, তাহলে মসজিদ ইত্যাদি অন্য কোনো খাতে ব্যয় করা যাবে না। কবরস্থানের উন্নয়ন মূলক কাজেই খরচ করতে হবে। (কিতাবুন্নাওয়াযিল ১৩/৩১৪)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী
ফতওয়া বিভাগ, জামিয়া নু'মানিয়া।
১২ শা'বান, ১৪৪৫ হিজরী (23/02/2024)